

নং-৪৬.০০.২৭০০.০৪২.১৪.০৩৪.১৭.১৬

২৫ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ০৬ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে দিনাজপুর জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


- সূত্রঃ ১) দিনাজপুর জেলা পরিষদের স্মারক নং-জেপদি/চার-০৪/২০১৭-২০১৮/১২৯০, তারিখঃ ১৬/১১/২০১৭।
২) দিনাজপুর জেলা পরিষদের স্মারক নং-জেপদি/চার-০৪/২০১৭-২০১৮/১২৯২, তারিখঃ ১৬/১১/২০১৭।

২০১৭-২০১৮ অর্থ বছরে দিনাজপুর জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় ৭৭,০০,০০০/- (সাতাত্তর লক্ষ) টাকায় গৃহীত নিম্নোক্ত প্রকল্প ৬টি নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

ক্রঃনং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
১.	দীপ্ত জীবন হাসপাতাল (দাতব্য চিকিৎসালয়) চলমান প্রকল্প বাস্তবায়ন	৬২,০০,০০০/-
২.	বোচাগঞ্জ উপজেলাধীন দকচাই জামে মসজিদের ছাদ ঢালাই এর কাজ সম্পন্ন	৫,০০,০০০/-
৩.	বোচাগঞ্জ উপজেলা পূজা উদযাপন পরিষদ এর অফিস ঘর নির্মাণ	২,০০,০০০/-
৪.	বিরল উপজেলা পূজা উপযাপন পরিষদ এর সীমানা প্রাচীর ও গেট নির্মাণ	২,০০,০০০/-
৫.	বিরল উপজেলা ইমাম সমিতির ফ্লোর ঢালাই ও সিলিং দ্বারা উন্নয়ন	১,০০,০০০/-
৬.	সদর বালুবাড়ি বডি বিস্তিং ক্রমের ২য় তলায় কক্ষ নির্মাণ	৫,০০,০০০/-

শর্তসমূহঃ

- ১) ৫.০০ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, দিনাজপুর কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প/প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে;
- ৪) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৫) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ দিনাজপুর এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।


(আনজুমান আরা)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, দিনাজপুর।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।